

প্রাথমিক শিক্ষা উন্নয়ন পর্ষদ, পঃ বঃ পরিচালিত

প্রাথমিক শেষ (বৃত্তি) পরীক্ষা - ২০২৬

[002]

PEDB (M) 2026

পূর্ণমান - ১০০

বিষয় - গণিত

সময় - ২ ঘন্টা ৩০ মিনিট

উত্তরপত্রের মধ্যেই ডানদিকে রাখ করতে হবে, প্রত্যেক প্রশ্নের দাগ নম্বর উল্লেখ করতে হবে।
জ্যামিত্রির চিত্র আঁকার জন্য স্কেল, কম্পাস ব্যবহার করতে হবে।

১। শূন্যস্থান পূরণ করো : (যে কোনো ৭টি)

 $9 \times 3 = 9$

- (ক) যে কোনো দুটি মৌলিক সংখ্যার সাধারণ গুণনীয়ক হল _____।
(খ) ভাজক সবসময় ভাগশেষের চেয়ে _____।
(গ) একটি জোড় মৌলিক সংখ্যা _____।
(ঘ) ৯ দ্বারা বিভাজ্য সংখ্যা অবশ্যই _____ দ্বারা বিভাজ্য।
(ঙ) ১ লিটার = _____ মিলিলিটার।
(চ) ত্রিভুজের ধারগুলিকে _____ বলে।
(ছ) ৬২৫ সংখ্যাটিতে ৬ এর স্থানীয় মান _____।
(জ) ত্রিভুজের তিনটি বাহুর দৈর্ঘ্য অসমান হলে তাকে _____ ত্রিভুজ বলে।

২। যে কোনো ৮টি প্রশ্নের উত্তর দাও :

 $8 \times 2 = 16$

- (ক) বড় থেকে ছোট সাজাও - $\frac{3}{10}$, ০.৫, ০.২, ০.৭
(খ) কথায় লেখ - ৭০৯৩
(গ) স্থানীয় মানে বিস্তার করে লেখো - ৫১৯৪
(ঘ) ৩, ৭, ০, ৮ দ্বারা গঠিত চার অঙ্কের বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যা দুটি লেখো।
(ঙ) ৪২ কে মৌলিক উৎপাদকে বিশ্লেষণ করো।
(চ) ৯ দিন ১১ ঘন্টা = কত ঘন্টা?
(ছ) একটি বোতলে ১ লিটার ২৫০ মিলিলিটার জল আছে। উহাতে আরও ৯৫০ মিলিলিটার জল ঢাললে, বোতলটিতে কতটা জল থাকবে?
(জ) $865 \div 15 = ?$
(ঝ) ১২-র গুণনীয়ক নির্ণয় করো।

৩। যে কোনো ৫টি প্রশ্নের উত্তর দাও :

 $5 \times 4 = 20$

- (ক) মিতালী, সোফিয়া ও রমেশের বয়সের গড় ৯ বছর ৫ মাস। তাদের মোট বয়স কত?
(খ) ১ থেকে ২০ পর্যন্ত মৌলিক সংখ্যাগুলি লেখো।
(গ) স্বাধীনতা দিবসের দিন নেহার বাবা দার্জিলিংয়ে বদলি হয়েছিলেন। ২৬ শে সেপ্টেম্বর ফিরে এলেন, তিনি কতদিন দার্জিলিংয়ে ছিলেন? (২৬ সেপ্টেম্বর তারিখ সহ)

(ঘ) ২৫৭২ মিলিমিটার = কত মিটার ও কত মিলিমিটার?

(ঙ) শীলা তার ৮ জন বন্ধুর সাথে মেলায় গিয়ে ২৭টি চিনামাটির বাটি কিনলে, প্রত্যেকে কয়টি করে বাটি পাবে?

(চ) বৈশাখী মেলায় ৮৯৫ জন মহিলা, ১৭২৮ জন শিশু ও ৫৭০ জন পুরুষ এসেছে। এই মেলায় মোট কতজন এসেছে?

৪। যে কোনো ৫টি প্রশ্নের উত্তর দাও :

$$৫ \times ৫ = ২৫$$

(ক) আজ সকালে বাবা বাজার থেকে ২ কিগ্রা ৫০০ গ্রাম আলু, ১ কিগ্রা ছোলাসহ তাল, ৭৫০ গ্রাম চিনি এনেছেন। তিনি মোট কত কিগ্রা কত গ্রাম বাজার করেছেন?

(খ) ভাগফল ও ভাগশেষ নির্ণয় করো :- $৯২৭ \div ১৫$

(গ) ২ ঘণ্টা ৩০ সেকেন্ড + ৫৮ মিনিট ২৮ সেকেন্ড + ৭ ঘণ্টা ১০ মিনিট = কত ঘণ্টা কত মিনিট কত সেকেন্ড?

(ঘ) শূন্যস্থান পূরণ করো - $\frac{৫}{৬} = \frac{\square}{৩০} = \frac{৪০}{\square}$

(ঙ) একটি প্যাকেটে ২ ডজন পেন ছিল। তার মধ্যে $\frac{১}{৩}$ অংশের পেনে লেখা বাচ্ছে না, ভাল পেনের সংখ্যা কত?

(চ) গুণ করো - ৪০৫×১৯

৫। যে কোনো ৩টি প্রশ্নের উত্তর দাও :

$$৩ \times ৮ = ২৪$$

(ক) স্কুলের ফাঁকা ট্যাঙ্কে সকালবেলায় ২৪লি, ৭৫০ মিলিলি জল ভর্তি করা হয়েছে। বিকালেও ২৮লি, ৫৫০ মিলিলি জল ভরা হয়েছে। সারাদিন স্কুলে ৪৩ লি, ৫৩০ মিলিলি জল ব্যবহার হয়েছে। এখন স্কুলের ট্যাঙ্কে কত জল আছে?

(খ) একটি রাস্তার কাজ চলছে, প্রথম দিনে $\frac{১}{২}$ অংশ, দ্বিতীয় দিনে $\frac{১}{৩}$ অংশ এবং তৃতীয় দিনে $\frac{১}{৬}$ অংশ কাজ হয়েছে। এই তিনদিনে মোট কত অংশ রাস্তার কাজ হয়েছে? আরো কত অংশের কাজ বাকি আছে?

(গ) তমালের দাদার বয়স ১১ বছর ৭ মাস। তমাল দাদার থেকে ২ বছর ৮ মাসের ছোট। আবার তমালের বোন তমালের চেয়ে ১ বছর ৯ মাসের ছোট, তাহলে তমাল ও তমালের বোনের বয়স কত?


(ঘ) করিমের কাছে ১২০০ টাকা আছে। সে ৫৫০ টাকায় মায়ের শাড়ী, ৪৩০ টাকায় বাবার পাঞ্জাবী ও ৩৬০ টাকায় ভাইয়ের জামা কিনবে। করিমের আরো কত টাকা দরকার হবে?

৬। (ক) সমদ্বিবাহু ত্রিভুজ কাকে বলে?

২

(খ)  - এর দৈর্ঘ্য নির্ণয় করো।

৩

(গ)  এই খেলার মাঠের পরিসীমা নির্ণয় করো।

৩